

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং : ১৩.০১.১৯৩৩.০০১.৫০.০০১.২৬.১২৬

তারিখ: ৩১/০৩/২০২৬ খ্রি.

কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা, কুমিল্লায় খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ০৫/০৩/২০২৬ খ্রি: তারিখের ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.১৭.৪৪ নং স্মারকে জারীকৃত পরিপত্র মূলে ও খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪ এবং এই সংক্রান্ত পরিপত্রের আলোকে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা, কুমিল্লা এর আওতাধীন ৭ টি ইউনিয়নের নতুন ০৮ টি বিক্রয়কেন্দ্রে খাদ্যবান্ধব কর্মসূচী পরিচালনার জন্য খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। এ লক্ষ্যে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা, কুমিল্লা-তে স্থায়ীভাবে বসবাসকারী যেকোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নবর্ণিত কেন্দ্রের অনুকূলে উল্লিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	বিক্রয়কেন্দ্রের নাম	বরাদ্দকৃত কার্ড সংখ্যা
০১	বিজয়পুর	মধ্যম বিজয়পুর	৩৬০
০২	বারপাড়া	লোলবারীয়া চৌমুহনী	৩৫৫
০৩		বিজয়পুর দক্ষিণ বাজার	৩৫৫
০৪	গলিয়ারা উত্তর	দেবীপুর বোর্ড অফিসের সামনে	৩৭০
০৫	গলিয়ারা দক্ষিণ	দক্ষিণ রামপুর চৌমুহনী	৩৬০
০৬	জোড়কানন পূর্ব	লালবাগ বাজার	৪১০
০৭	জোড়কানন পশ্চিম	সুয়াগঞ্জ মধ্যম বাজার	৪৫০
০৮	চৌয়ারা	বামিশা বাজার	৩৪০
		মোট কার্ড সংখ্যা =	৩,০০০

আবেদনকারীর যোগ্যতা:

- ১। আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং কুমিল্লা সদর দক্ষিণ, উপজেলার আবেদনকৃত অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর নির্দিষ্ট বিক্রয়কেন্দ্রে নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে।
- ৩। আবেদনকারী খাদ্যশস্য লাইসেন্সধারী ও ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- ৪। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং ১৫ মে. টন খাদ্যশস্য সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।
- ৫। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে।
- ৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্তকৃত, দেশের কোনো আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করতে পারবেন না।
- ৭। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবেন না।
- ৮। কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ৯। খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা -২০২৪ এ বর্ণিত নির্দিষ্ট ফরমে (আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে অথবা খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইড থেকে সংগ্রহ করা যাবে) আবেদন করতে হবে।
- ১০। (ক) আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙিন ছবি ০২ কপি, (খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (গ) ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি, (ঘ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, (ঙ) খাদ্যশস্য লাইসেন্স (ফুডগ্রেইন) এর কপি, ট্রেড লাইসেন্সের কপি, (ছ) দোকানের মালিকানা/ ভাড়া সংক্রান্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- ১১। কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত(পে-অর্ডার) এবং ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা জমা প্রদান করতে হবে।

আবেদনপত্রের সাথে সকল চাহিত কাগজপত্রাদির সত্যায়িত কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) আগামী ১৫/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লায় সীলগালা খামে জমা প্রদান করতে হবে। খামের উপর কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করা সহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫/০৪/২০২৬

মোহাম্মদ জাহীদুর রহমান
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং : ১৩.০১.১৯৬৭.০০১.৫০.০০১.২৬.১২৬

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য।

তারিখ: ৩১/০৩/২০২৬ খ্রি.

- ০১। অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
- ০২। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ০৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
- ০৬। উপজেলা নিবাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৭। উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ০৯। ইউনিয়ন পরিষদ (সকল)..... কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ১০। অফিস কপি।

১৫/০৪/২০২৬

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।